



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

শোক বার্তা

তারিখ: ১২ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

সাবেক নির্বাচন কমিশন সচিব ও সাবেক মাননীয় নির্বাচন কমিশনার জনাব স.ম. জাকারিয়া অদ্য ১২ নভেম্বর ২০২৪ ভোর ৪.০০ ঘটিকায় রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তিনি ০১ এপ্রিল ২০০২ থেকে ১৫ জানুয়ারি ২০০৬ তারিখ পর্যন্ত নির্বাচন কমিশন সচিব হিসেবে এবং ১৬ জানুয়ারি ২০০৬ তারিখ হতে ৩১ জানুয়ারি ২০০৭ তারিখ পর্যন্ত বাংলাদেশ নির্বাচন কমিশনে মাননীয় নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

মরহম স.ম. জাকারিয়া এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীরভাবে শোকাহত।

নির্বাচন কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

আজ বাদ জোহর নিকুঞ্জ কেন্দ্রীয় জামে মসজিদে মরহমের প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। পরবর্তীতে তাঁর গ্রামের বাড়ি ব্রাহ্মণবাড়িয়ায় দ্বিতীয় নামাজে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।

(মোঃ শরিফুল আলম)

পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫২০